
পাঠ ১১

# বালুচরে একদিন



## পাঠের মূলকথা

তিথিদের গ্রামের নাম অচিনপুর। গ্রামটি ঢাকা থেকে অনেক দূরে। গ্রীষ্মের ছুটিতে তিথি গ্রামের বাড়িতে বেড়াতে গিয়ে সবুজ প্রকৃতি দেখে খুশি হয়। সেখানে পাখির উড়ে যাওয়া আর সুপারি গাছের সারির ফাঁক দিয়ে সকালের সূর্য ওঠা দেখে তার মন ভরে যায়। তিথির গ্রামের পাশ দিয়ে বয়ে চলা নদীর চরে পাখিদের মেলা বসে। সেখানে সাদা বকগুলোর চুপ করে বসে থাকা, খপ করে মাছ ধরার গল্প করেন গণেশ মাঝি। তিনি একদিন সেখানে তিথিকে নিয়ে যাবেন বলে জানান। তিথি খুব খুশি হয়। সে গণেশ কাকা, বাবার বন্ধু মধু পাল, স্কুল শিক্ষক হামিদ চাচার কাছ থেকে নদীতীরবর্তী দৃশ্য ও পাখপাখালি সম্পর্কে চমৎকার তথ্য জানল। হামিদ চাচা ও তার সঙ্গীরা পাকিস্তানি সেনাদের এখানে মোকাবিলা করেন। তিথি অবাক হয়ে নাদের চাচার ঝুড়ি ভরতি তাজা পাবদা, পুঁটি, বোয়াল মাছ দেখল। উত্তর-পূর্ব আকাশে মেঘ আর নদীর ঠান্ডা বাতাস বইতে দেখে সবাই নৌকায় উঠল। গণেশ কাকার সঙ্গে নাদের চাচাও আরেকটা বৈঠা বেয়ে গ্রামের দিকে ছুটে চললেন। তীরে পৌছুতে না পৌছুতেই ঝড় শুরু হলো। তিথি তখন চরের পাখিগুলোর কথা ভাবতে শুরু করল।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৭

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৪২ | ঢাকা থেকে অনেক ........ তোমাকে নিয়ে যাব। |
| পিরিয়ড-৪৩ | এক সকালে গণেশ ........ তাড়াতাড়ি ফিরতে হবে। |
| পিরিয়ড-৪৪ | ঢাকা থেকে অনেক ........ তাড়াতাড়ি ফিরতে হবে। |
| পিরিয়ড-৪৫ | নৌকা আবার চলতে ........ খাওয়ার দাওয়াত দিলেন। |
| পিরিয়ড-৪৬ | গণেশ কাকা বললেন ........ এখন কী করছে। |
| পিরিয়ড-৪৭ | নৌকা আবার চলতে ........ এখন কী করছে। |
| পিরিয়ড-৪৮ | পুনরালোচনা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দূর | গ্রীষ্ম | গ্রাম | প্রকৃতি | সুন্দর | উঁকি | সূর্য | গল্প | দ্রুত | মন্দির |
| বন্ধু | হাঁড়ি | রঙিন | শিক্ষক | চিৎকার | মুক্তিযোদ্ধা | লণ্ঠ | পশ্চিম | ঠান্ডা | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ৩ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

উঁকি দেওয়া, মিনার, বাদল, চর, নলখাগড়া, ঘাঁটি।

**উত্তর :**

উঁকি দেওয়া — আড়াল থেকে দেখা।
মিনার — দালানের উঁচু চূড়া।
বাদল — বৃষ্টি।
চর — নদীতে তৈরি হওয়া বালুময় ভূমি।
নলখাগড়া — নলের মতো লম্বা ঘাস।
ঘাঁটি — আস্তানা।

### ২ বাক্য বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

নদী ..........
নৌকা ..........
মুক্তিযোদ্ধা ..........
বালুচর ..........

**উত্তর :**

নদী — নদীর চরে পাখিদের মেলা বসে।
নৌকা — নদীর বুকে নৌকা চলে।
মুক্তিযোদ্ধা — ১৯৭১ সালে বালুচরে মুক্তিযোদ্ধারা ঘাঁটি গেড়েছিল।
বালুচর — সুন্দর এক দ্বীপের মতো এই বালুচর।

### ৩ ডান পাশ থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

| | |
|---|---|
| ক. সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় ———। | নদীর পানি |
| খ. নদীর চরে ——— মেলা বসে। | সাদা বক |
| গ. টলটল করছে ———। | সকালের সূর্য |
| ঘ. ঘাড় বাঁকা করে এক পায়ে দাঁড়িয়ে আছে ———। | পাখিদের |

**উত্তর :**

ক. সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় **সকালের সূর্য**।
খ. নদীর চরে **পাখিদের** মেলা বসে।
গ. টলটল করছে **নদীর পানি**।
ঘ. ঘাড় বাঁকা করে এক পায়ে দাঁড়িয়ে আছে **সাদা বক**।

### ৪ বিপরীত শব্দ জেনে নেই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| গ্রাম | শহর |
| সাদা | কালো |
| শীতল | উষ্ণ |
| পরিষ্কার | নোংরা |
| দূর | নিকট |

### ৫ সঠিক উত্তরটি বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

ক. তিথির গ্রামের নাম—
ক. মধুপুর খ. অচিনপুর
গ. শফিপুর ঘ. নাজিরপুর
**উত্তর : খ. অচিনপুর।**

খ. নদীর চরে পাখিদের মেলা বসার কথা বললেন—
ক. গণেশ কাকা খ. হামিদ চাচা
গ. নাদের চাচা ঘ. মধু কাকা
**উত্তর : গ. নাদের চাচা।**

গ. মাটি দিয়ে শখের হাঁড়ি বানান—
ক. নাদের চাচা খ. হামিদ চাচা
গ. মধু কাকা ঘ. গণেশ কাকা
**উত্তর : গ. মধু কাকা।**

ঘ. নলখাগড়ার গায়ে চুপচাপ বসে আছে—
ক. মাছরাঙা খ. গাঙচিল
গ. শালিক ঘ. সাদা বক
**উত্তর : ক. মাছরাঙা।**

ঙ. মুক্তিযুদ্ধ হয়েছিল—
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫২ সালে
গ. ১৯৬৯ সালে ঘ. ১৯৭১ সালে
**উত্তর : ঘ. ১৯৭১ সালে।**

### ৬ বুঝে নেই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৩

কুমারপাড়া — কুমারেরা যেখানে একসাথে বাস করে।
শখের হাঁড়ি — যে হাঁড়িতে শখের জিনিস রাখা হয়।
দ্বীপ — চারিদিকে পানি দিয়ে ঘেরা ভূখণ্ড।



**৭ মুখে মুখে উত্তর বলি ও লিখি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৩

**প্রশ্ন ক. গ্রামের প্রকৃতি তিথির কেমন লাগে?**

উত্তর : তিথির গ্রামের নাম অচিনপুর। গ্রামে এলে তিথি মন ভরে প্রকৃতি দেখে। গ্রামের প্রকৃতি তিথির খুব ভালো লাগে।

**প্রশ্ন খ. নৌকায় করে তিথিরা কোথায় গেল?**

উত্তর : নৌকায় করে তিথিরা নদীর চরে ঘুরতে গেল।

**প্রশ্ন গ. চরে কারা ঘাঁটি গেড়েছিল?**

উত্তর : ১৯৭১ সালে মুক্তিযোদ্ধারা চরে ঘাঁটি গেড়েছিল। তারা ডুবিয়ে দিয়েছিল পাকবাহিনীর লঞ্চ।

**প্রশ্ন ঘ. নাদের চাচার ঝুড়িতে কী কী মাছ ছিল?**

উত্তর : নাদের চাচার ঝুড়ি ভরতি মাছ ছিল। তাঁর ঝুড়িতে পাবদা, পুঁটি আর একটা মাঝারি আকারের বোয়াল মাছ ছিল।

**প্রশ্ন ঘ. তিথি কেন পাখিদের জন্য ভাবছিল?**

উত্তর : নদীর চর দেখে ফিরে আসার সময় তিথি দেখল উত্তর-পূর্ব আকাশে মেঘ জমেছে। নদীর বুকে ঠান্ডা বাতাস বইছে। সবাই নৌকায় উঠে পড়ল। নৌকা গ্রামের দিকে ছুটে চলল। তীরে না পৌঁছুতেই শুরু হলো ঝড়। তখন তিথির মন পাখিদের জন্য দুশ্চিন্তাগ্রস্ত হলো। সে ভাবল, পাখিগুলো এখন কী করছে!

**৮ বিরামচিহ্ন বসিয়ে বাক্য লিখি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৩

ঢাকা থেকে অনেক দূরে ছোট্ট একটা গ্রাম
কী শীতল
তিথি চিৎকার করে উঠল বাবা কী সুন্দর
গণেশ কাকা বললেন ফিরতে হবে

উত্তর :
ঢাকা থেকে অনেক দূরে ছোট্ট একটা গ্রাম।
কী শীতল!
তিথি চিৎকার করে উঠল, বাবা, কী সুন্দর!
গণেশ কাকা বললেন, ফিরতে হবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৪২** ঢাকা থেকে অনেক ........ তোমাকে নিয়ে যাব।

**প্রশ্ন ১. ছুটিতে বেড়ানোর অভিজ্ঞতা কেমন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ছুটিতে বেড়ানোর অভিজ্ঞতা অনেক মজার। পুরো সময়টা আমরা আনন্দের সঙ্গে উপভোগ করি।

**প্রশ্ন ২. স্কুল ছুটি হলে তোমরা কীভাবে সময় কাটাও?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : স্কুল ছুটি হলে আমরা আত্মীয়-স্বজনের বাড়িতে বেড়াতে যাই।

**প্রশ্ন ৩. নিচের শব্দগুলোর অর্থ লিখে বাক্য রচনা কর।**

ছোট্ট, গ্রাম, গ্রীষ্ম, প্রকৃতি, সূর্য, মেলা। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| ছোট্ট | ছোট | অচিনপুর ছোট্ট একটি গ্রাম। |
| গ্রাম | ক্ষুদ্র পল্লি, পাড়াগাঁ | আমাদের গ্রামের পাশ দিয়ে নদী বয়ে গেছে। |
| গ্রীষ্ম | একটি ঋতুর নাম | গ্রীষ্মকালে রোদের তাপ বেশি থাকে। |
| প্রকৃতি | স্বভাব, চরিত্র, আচার-আচরণ | গ্রামীণ প্রকৃতি খুবই চমৎকার। |
| সূর্য | পৃথিবী থেকে তেরো লক্ষগুণ বড়ো একটি গ্রহ | সূর্য প্রতিদিন আমাদের আলো দেয়। |
| মেলা | মিলিত হওয়া, একসঙ্গে অবস্থান করা | পহেলা বৈশাখে গ্রামে বড় মেলা হয়। |

**প্রশ্ন ৪. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

ছোট্ট, গ্রাম, গ্রীষ্ম, প্রকৃতি, সূর্য। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| | | | |
|---|---|---|---|
| ছোট্ট | ট্ট | ট + ট | হট্টগোল, চট্টগ্রাম |
| গ্রাম | গ্র | গ + ্র (র - ফলা) | গ্রামীণ, গ্রহ |
| গ্রীষ্ম | ষ্ম | ষ + ম | উষ্ম |
| প্রকৃতি | প্র | প + ্র (র -ফলা) | প্রাণ |
| সূর্য | র্য | রেফ (র্) + য | আর্য, কার্য |

**পিরিয়ড ৪৩** এক সকালে গণেশ ........ তাড়াতাড়ি ফিরতে হবে।

**প্রশ্ন ৫. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তিথি কোথায় থাকে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : তিথি ঢাকায় থাকে।

**প্রশ্ন খ. তিথিদের গ্রামের নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : তিথিদের গ্রামের নাম অচিনপুর।

**প্রশ্ন গ. কোথায় শত শত পাখি দেখা যায়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : নদীর চরে শত শত পাখি দেখা যায়।

প্রশ্ন ৬. নিচের শব্দগুলোর অর্থ লিখে বাক্য রচনা কর।

গল্প, মিনার, মন্দির, বন্ধু, স্কুল, শিক্ষক। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| গল্প | কাহিনি | দাদু আমাকে প্রতিদিন একটি করে গল্প শুনাল। |
| মিনার | উঁচু স্তম্ভ | মুয়াজ্জিন মিনারে আজান দেয়। |
| মন্দির | পূজা বা উপাসনার গৃহ | দূর থেকে মন্দির দেখা যায়। |
| বন্ধু | দোস্ত, প্রিয় ব্যক্তি | দীর্ঘদিন পর আমার বন্ধুর সাথে দেখা করতে গেলাম। |
| স্কুল | বিদ্যালয় | আমার স্কুলের নাম ফুলপুর আদর্শ স্কুল। |
| শিক্ষক | গুরু, ওস্তাদ | আমার শিক্ষক আমাকে আদব শিক্ষা দেন। |

প্রশ্ন ৭. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।

ল্প, ন্দ, ন্ধু, স্কু, ক্ষ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| | | |
|---|---|---|
| ল্প | ল + প | অল্প, গল্প |
| ন্দ | ন + দ | আনন্দ, মন্দির |
| ন্ধু | ন + ধ + উ (ু)-কার | সিন্ধু |
| স্কু | স + ক + উ (ু)-কার | স্ক্রু, স্কুল |
| ক্ষ | ক + ষ | শিক্ষক, বৃক্ষ |

**পিরিয়ড ৪৪** ঢাকা থেকে অনেক ........ তাড়াতাড়ি ফিরতে হবে।

প্রশ্ন ৮. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

প্রশ্ন ক. গণেশ কাকা তিথিকে কোথায় নিয়ে যাবেন? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : গণেশ কাকা তিথিকে বালুচরে নিয়ে যাবেন।

প্রশ্ন খ. মধুপাল কী করেন? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : মধুপাল মাটি দিয়ে শখের হাঁড়ি বানান।

প্রশ্ন গ. হামিদ চাচা কেন বললেন তাড়াতাড়ি ফিরতে হবে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ঝড়-বাদলের দিন হওয়ায় তাড়াতাড়ি ফিরতে হবে বললেন।

প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর অর্থ লিখে বাক্য রচনা কর।

উঁকি দেওয়া, বাদল, চর, নলখাগড়া। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| উঁকি দেওয়া | আড়াল থেকে লুকিয়ে লুকিয়ে দেখা | অনুমতি ছাড়া অন্যের ঘরে উঁকি দেওয়া নিষেধ। |
| বাদল | বর্ষা, মেঘবৃষ্টি | বাদল দিনের পরিবেশ খুব চমৎকার। |
| চর | নদী দ্বারা ঘেরা স্থলভাগ | বালুচরে পাখিদের মেলা বসে। |
| নলখাগড়া | একপ্রকার উদ্ভিদ যা দিয়ে ফুলের ঝাড়ু বানানো হয় | নলখাগড়ার ঝোপে মাছরাঙা চুপচাপ বসে আছে। |

প্রশ্ন ১০. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।

সিন্ধু, দ্বীপ, কক্ষ, ইচ্ছে। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| সিন্ধু | ক. সিন্ধু একটি নদীর নাম। |
| | খ. আমি সিন্ধু সেচে মুক্তা আনব। |
| দ্বীপ | ক. সেন্টমার্টিন বাংলাদেশের একটি দ্বীপের নাম। |
| | খ. চারদিকে পানিবেষ্টিত স্থলভাগকে দ্বীপ বলে। |
| কক্ষ | ক. আমি শ্রেণিকক্ষে নিয়মিত উপস্থিত থাকি। |
| | খ. ছাত্ররা তাদের কক্ষে প্রবেশ করল। |
| ইচ্ছে | ক. আমার ইচ্ছে আমি বড় হয়ে পাইলট হব। |
| | খ. আমার তাজমহল দেখতে ইচ্ছে হয়। |

**পিরিয়ড ৪৫** নৌকা আবার চলতে ........ খাওয়ার দাওয়াত দিলেন।

প্রশ্ন ১১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

প্রশ্ন ক. কী টলটলে ও শীতল? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : নদীর জল টলটলে ও শীতল।

প্রশ্ন ১২. নদীর বালুচরে দেখা কয়েকটি পাখির নাম লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : নদীর বালুচরে দেখা কয়েকটি পাখি হলো— শালিক, বক, মাছরাঙা, গাঙচিল।

প্রশ্ন ১৩. নিচের শব্দগুলোর অর্থ লিখে বাক্য রচনা কর।

মুক্তিযুদ্ধ, ঘাঁটি, পাকবাহিনী, লঞ্চ, পশ্চিম। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| মুক্তিযুদ্ধ | স্বাধীনতার জন্য যুদ্ধ | ১৯৭১ সালে বাঙালিরা দেশের জন্য মুক্তিযুদ্ধ করেছে। |

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| ঘাঁটি | সেনাদের থাকার জায়গা | ১৯৭১ সালে মুক্তিবাহিনী দেশের বিভিন্ন স্থানে ঘাঁটি গেড়েছিল। |
| পাকবাহিনী | পাকিস্তানি সেনাবাহিনী | মুক্তিযোদ্ধারা পাকবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করেছিল। |
| লঞ্চ | নদীপথে যাতায়াত করার বাহন | লঞ্চে যাতায়াত আরামদায়ক। |
| পশ্চিম | পূর্ব দিকের উলটা দিক | সূর্য পশ্চিম দিকে অস্ত যায়। |

**প্রশ্ন ১৪. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

দ্ব, ক্ত, ঞ্চ, শ্চ।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| দ্ব | দ + ব | দ্বীপ |
| ক্ত | ক + ত | শক্ত |
| ঞ্চ | ঞ + চ | সঞ্চয় |
| শ্চ | শ + চ | নিশ্চয় |

**পিরিয়ড ৪৬** গণেশ কাকা বললেন ........ এখন কী করছে।

**প্রশ্ন ১৫. 'লঞ্চ' শব্দের 'ঞ্চ' যুক্তবর্ণে কী কী বর্ণ যুক্ত হয়েছে?**

**উত্তর :** লঞ্চ শব্দের 'ঞ্চ' যুক্তবর্ণে ঞ ও চ বর্ণ যুক্ত হয়েছে।

**প্রশ্ন ১৬. নিচের শব্দগুলোর অর্থ লিখে বাক্য রচনা কর।**

উত্তর-পূর্ব, ঠান্ডা, দ্রুত, বৈঠা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | শব্দের অর্থ | বাক্য |
|---|---|---|
| উত্তর-পূর্ব | দুটি দিকের নাম | আজ আকাশের উত্তর-পূর্ব কোণে মেঘ জমেছে। |
| ঠান্ডা | শীতল | মাঘ মাসে প্রচণ্ড ঠান্ডা অনুভূত হয়। |
| দ্রুত | তাড়াতাড়ি | মারুফ দ্রুত সাইকেল চালাতে পারে। |
| বৈঠা | নৌকার মুখ চওড়া ছোটো দাঁড় | গণেশ দ্রুত বৈঠা চালাতে অভ্যস্ত। |

**প্রশ্ন ১৭. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

উত্তর, পূর্ব, ঠান্ডা, দ্রুত। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| উত্তর | ত্ত | ত + ত | উত্তাল |
| পূর্ব | র্ব | রেফ (র্) + ব | গর্ব |
| ঠান্ডা | ন্ড | ন + ড | ডান্ডা, ঝান্ডা |
| দ্রুত | দ্রু | দ + র + উ (ু)-কার | উপদ্রব |

**পিরিয়ড ৪৭** নৌকা আবার চলতে ........ এখন কী করছে।

**প্রশ্ন ১৮. কারা পাকবাহিনীর লঞ্চ ডুবিয়ে দিয়েছিলেন?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মুক্তিযোদ্ধারা পাকবাহিনীর লঞ্চ ডুবিয়ে দিয়েছিলেন।

**প্রশ্ন ১৯. আকাশের কোন কোণে মেঘ জমেছিল?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আকাশের উত্তর-পূর্ব কোণে মেঘ জমেছিল।

**প্রশ্ন ২০. তীরে পৌঁছে তিথি কী ভাবতে লাগল?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তীরে পৌঁছে তিথি পাখিদের সম্পর্কে ভাবতে লাগল।

**প্রশ্ন ২১. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

নলখাগড়া ঝোপে চুপচাপ বসে আছে মাছরাঙা হঠাৎ পুব দিক থেকে উড়ে এলো এক ঝাঁক পাখি গণেশ কাকা বললেন ওই দেখো গাঙচিল তিথি চিৎকার করে উঠল বাবা কী সুন্দর

**উত্তর :** নলখাগড়া ঝোপে চুপচাপ বসে আছে মাছরাঙা। হঠাৎ পুব দিক থেকে উড়ে এলো এক ঝাঁক পাখি। গণেশ কাকা বললেন, ওই দেখো গাঙচিল। তিথি চিৎকার করে উঠল, বাবা, কী সুন্দর!

**পিরিয়ড ৪৮** পুনরালোচনা।

**প্রশ্ন ২২. গ্রামের প্রকৃতি বিষয়ে সংক্ষেপে বর্ণনা দাও।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সবুজের চাদরে আবৃত অপরূপ সৌন্দর্যের দেশ বাংলাদেশ। এ দেশের প্রাকৃতিক দৃশ্য সকলকে মুগ্ধ করে। এ দেশের হাওড়, বিল, নদ-নদী, মাঠ-ঘাট, আকাশ, পাহাড়, বন-বনানী দেখে আমরা মুগ্ধ হই। নদীপ্রধান দেশ হওয়ায় বাংলাদেশের অধিকাংশ গ্রামের সাথে নদীর নিবিড় সম্পর্ক। সবুজের সমারোহ বাংলাদেশের প্রত্যেকটি গ্রামেরই সাধারণ বৈশিষ্ট্য, অতুলনীয় সৌন্দর্য, বৈচিত্র্য আর ঐতিহ্যগুলো আমাদের মাঝে টিকে থাকুক প্রজন্মের পর প্রজন্ম।

**প্রশ্ন ২৩. মুক্তিযুদ্ধ বিষয়ে সংক্ষেপে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ১৯৭১ সালে আমাদের মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধ শুরু হয় ২৫শে মার্চ, শেষ হয় ১৬ই ডিসেম্বর। রক্তক্ষয়ী এই স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে এ স্বাধীনতা আন্দোলন পরিচালিত হয়। ১৯৭১ সালের ২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা হওয়ার পর শুরু হয় মুক্তিযুদ্ধ। অগণিত বাঙালির আত্মত্যাগের বিনিময়ে ১৬ই ডিসেম্বর স্বাধীনতা অর্জিত হয়।

**প্রশ্ন ২৪. নদীর চরের দৃশ্য সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নদীর চরের দৃশ্য অনেকটা দ্বীপের মতো। চরের কোথাও কাঁটাঝোপ, ঘাস আর কাশবন থাকে। সেখানে শালিকেরা খুঁটে

খুঁটে পোকা খায়। বক ঘাড় বাঁকা করে এক পায়ে মাছ শিকারের জন্য দাঁড়িয়ে থাকে। নলখাগড়ার ঝোপে মাছরাঙা মাছ শিকারের অপেক্ষায় বসে থাকে। চরে শুধু বালু আর বালু দেখা যায়। দৃশ্যগুলো দেখতে খুবই চমৎকার লাগে।

**প্রশ্ন ২৫. শখের হাঁড়ি সম্পর্কে লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রং দিয়ে নকশা আঁকা এক ধরনের পাত্র হচ্ছে শখের হাঁড়ি। আকার-আকৃতির দিক থেকে সাধারণ হাঁড়ির মতোই। পার্থক্য শুধু গায়ে। সাধারণ হাঁড়িতে রং ও নকশা থাকে না। কিন্তু শখের হাঁড়ির গায়ে উজ্জ্বল রং দিয়ে দৃষ্টিনন্দন চিত্র আঁকা হয়। দৃশ্যমান করা হয় ফুল, লতা-পাতা, পাখি, মাছসহ নানা কিছু। শৌখিন কাজে ব্যবহৃত হয় বলে এর নাম শখের হাঁড়ি।

**প্রশ্ন ২৬. নিচের বাক্যগুলোতে বিরামচিহ্ন বসাও।**

তিথি চিৎকার করে উঠল বাবা কী সুন্দর

আহ আমি যদি পাখি হতে পারতাম

বাবা বললেন এদিকে এসো

কী মজা ছুটিতে কক্সবাজার যাব ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তিথি চিৎকার করে উঠল, বাবা, কী সুন্দর!

আহ! আমি যদি পাখি হতে পারতাম।

বাবা বললেন, এদিকে এসো।

কী মজা! ছুটিতে কক্সবাজার যাব।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

ছোটো, সুন্দর, সত্য, দিন, ভয়।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ছোটো | বড়ো |
| সুন্দর | কুৎসিত |
| সত্য | মিথ্যা |
| দিন | রাত |
| ভয় | নির্ভয়/সাহস |

**প্রশ্ন ২. নিচের ঘটনায় নদীর তীরে তিথি কী কী দেখতে পেয়েছে তা লেখ।**

**ঘটনা**

তিথিদের গ্রামের নাম অচিনপুর। গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে নদী। তিথি শুনেছে, নদীর চরে পাখিদের মেলা বসে। নৌকার মাঝি গণেশ কাকা বলেছেন, সেখানে পাখিরা মাছ ধরে। তিথি মনে মনে ভাবে, আহা, যদি আমিও যেতে পারতাম। এক সকালে গণেশ কাকা নৌকা নিয়ে হাজির হলেন। বাবা বললেন; চল ঘুরে আসি। তিথিদের নৌকা নদীর তীর ধরে চলছে। দূর থেকে দেখা যাচ্ছে, মসজিদের মিনার। দেখা যাচ্ছে গ্রামের বাজার, বটতলা, মাঠ, মন্দির।

**উত্তর :** নদীর তীরে যা দেখতে পেয়েছে—

১. মসজিদের মিনার, ২. গ্রামের বাজার, ৩. বটতলা, ৪. মাঠ, ৫. মন্দির।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. 'গ্রামের প্রকৃতি' ও 'শখের হাঁড়ি' সম্পর্কে তিনটি করে বাক্য বল।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর : গ্রামের প্রকৃতি :**

ক. গ্রামের প্রকৃতি সবুজে ঘেরা।
খ. নানা জাতের গাছে নানা রকম ফুল-ফল সুশোভিত।
গ. ছোটো-বড়ো নানা রকম ঘর-বাড়ি খুবই মনোরম।

**শখের হাঁড়ি**

ক. শখের হাঁড়ি নানা আকৃতির ও নকশাযুক্ত।
খ. শখের হাঁড়িতে শখের জিনিস রাখা হয়।
গ. শখের হাঁড়িতে করে উপহার দেওয়া হয়।

**প্রশ্ন ৪. 'মুক্তিযুদ্ধ' শব্দে কয়টি যুক্তবর্ণ আছে? ভেঙে লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'মুক্তিযুদ্ধ' শব্দে দুটি যুক্তবর্ণ আছে। তা হলো—

ক্ত = ক + ত এবং দ্ধ = দ + ধ।

**প্রশ্ন ৫. নাদের চাচা কী কী মাছ ধরেছিলেন?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নাদের চাচা পাবদা, পুঁটি, বোয়াল মাছ ধরেছিলেন।

**প্রশ্ন ৬. স্কুলের ছুটিতে বেড়াতে যাওয়া জায়গা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্কুলের ছুটিতে বেড়াতে যাওয়া জায়গা সম্পর্কে পাঁচটি বাক্য হলো—

ক. আমি ছুটিতে সিলেট বেড়াতে গিয়েছিলাম।
খ. আমরা সর্বপ্রথম শাহজালাল ও শাহপরান (র.)-এর মাজার জিয়ারত করেছিলাম।
গ. সিলেটের চা-বাগান দেখতে গিয়েছিলাম।
ঘ. চা-বাগান দেখা শেষে জাফলং গিয়েছিলাম।
ঙ. প্রকৃতি ঘেরা খাসিয়া পল্লিতে গিয়েছিলাম।

বাংলা

**প্রশ্ন ৭. তিথির মন ভরে যায় কী দেখে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তিথির মন ভরে যায় প্রকৃতি দেখে।

**প্রশ্ন ৮. নৌকায় করে তিথিরা কোথায় গিয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নৌকায় করে তিথিরা নদীর চরে গিয়েছিল।

**প্রশ্ন ৯. তিথি কেন চিৎকার করে উঠল?**

**উত্তর :** তিথি বালুচরে পৌঁছে চারদিকে কাঁটাঝোপ, ঘাস আর কাশবন দেখল। শালিক, সাদা বক, গাঙচিল এগুলো দেখে সে মুগ্ধ হয়ে আনন্দে চিৎকার করে উঠল।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১০. নিচের বিরামচিহ্নগুলোর নাম ও বাক্যে প্রয়োগ দেখাও।**

| | | | |
|---|---|---|---|
| । | ? | , | ! |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বিরামচিহ্নের নাম এবং বাক্যে প্রয়োগ হলো—

| চিহ্ন | নাম | বাক্য |
|---|---|---|
| । | দাঁড়ি | ১. জেলেরা মাছ ধরে।<br>২. তিথিদের গ্রামের নাম অচিনপুর। |
| ? | প্রশ্নবোধক চিহ্ন | ১. তোমার নাম কী?<br>২. তুমি কোন শ্রেণিতে পড়? |
| , | কমা | ১. গ্রামের বাজার, বটতলা, মাঠ।<br>২. শাপলা, গোলাপ, শিউলি আমার প্রিয় ফুল। |
| ! | আশ্চর্যবোধক চিহ্ন | ১. কী সুন্দর চেহারা!<br>২. বাহ! দারুণ করেছ। |

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১১. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম | ডান |
|---|---|
| সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় ———। | বন্ধু |
| দূর থেকে দেখা যাচ্ছে ———। | মেলা |
| মধু পাল বাবার ———। | মন্দির |
| নদীর চরে পাখিদের ——— বসে। | সকালের সূর্য। |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় **সকালের সূর্য।**

দূর থেকে দেখা যাচ্ছে **মন্দির।**

মধু পাল বাবার **বন্ধু।**

নদীর চরে পাখিদের **মেলা** বসে।

**প্রশ্ন ১২. অনুচ্ছেদটিতে উপযুক্ত শব্দ বসিয়ে পূর্ণ কর।**

গ্রামে এলে ——— মন ভরে ——— দেখে। ——— এই গ্রামে আছে কত গাছ। ——— উড়ে যায় ——— পথে। ——— গাছের ——— দিয়ে ——— দেয় সকালের ———।

**উত্তর :** গ্রামে এলে **তিথি** মন ভরে **প্রকৃতি** দেখে। **সবুজ সুন্দর** এই গ্রামে আছে কত গাছ। **কত পাখি** উড়ে যায় **আকাশের** পথে। **সুপারি** গাছের **সারি** দিয়ে **উঁকি** দেয় সকালের **সূর্য।**

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ ও ফলাযুক্ত যুক্তবর্ণযোগে গঠিত শব্দ পড়তে পেরেছে। | | | |
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ ব্যবহৃত বাক্য পড়তে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| বাক্য ও শব্দে ব্যবহৃত ফলাযুক্ত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ ও ফলাযুক্ত বিভিন্ন ধরনের বাংলা শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ পড়তে পেরেছে। | | | |

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| বাক্য ও শব্দে ব্যবহৃত ফলাযুক্ত যুক্তবর্ণ পড়তে পেরেছে। | | | |
| বাক্য ও শব্দে যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পেরেছে। | | | |
| যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। | | | |
| পাঠের অনুচ্ছেদ শুনে শুনে লিখতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত গল্পের অনুচ্ছেদ দেখে দেখে লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ...............

শিক্ষার্থীর নাম :............................................ শ্রেণি : ............................................ রোল নম্বর : ☐

**১। ডান পাশ থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ কর।**

ক. সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় ———।

খ. নদীর চরে ——— মেলা বসে।

গ. টলটল করছে ———।

ঘ. ঘাড় বাঁকা করে এক পায়ে দাঁড়িয়ে আছে ———।

নদীর পানি | সাদা বক | সকালের সূর্য | পাখিদের

**২। বিপরীত শব্দ জেনে লেখ।**

| | |
|---|---|
| শব্দ | |
| গ্রাম | |
| সাদা | |
| শীতল | |
| পরিষ্কার | |
| দূর | |

**৩। নিচের বাক্যগুলোতে বিরামচিহ্ন বসাও।**

তিথি চিৎকার করে উঠল বাবা কী সুন্দর

আহ আমি যদি পাখি হতে পারতাম

বাবা বললেন এদিকে এসো

কী মজা ছুটিতে কক্সবাজার যাব

## উত্তরমালা

১ ▸ ক. সুপারি গাছের সারি দিয়ে উঁকি দেয় **সকালের সূর্য**।

খ. নদীর চরে **পাখিদের** মেলা বসে।

গ. টলটল করছে **নদীর পানি**।

ঘ. ঘাড় বাঁকা করে এক পায়ে দাঁড়িয়ে আছে **সাদা বক**।

২ ▸

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| গ্রাম | শহর |
| সাদা | কালো |
| শীতল | উষ্ণ |
| পরিষ্কার | নোংরা |
| দূর | নিকট |

৩ ▸ তিথি চিৎকার করে উঠল, বাবা, কী সুন্দর!

আহ! আমি যদি পাখি হতে পারতাম।

বাবা বললেন, এদিকে এসো।

কী মজা! ছুটিতে কক্সবাজার যাব।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐